

## 📖 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইক্বামত

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৭) হাত তুলে আযানের দু'আ পাঠ করা এবং শেষে 'লা ইলা-হা ইল্লাল্লাহু মুহাম্মাদার রাসূলুল্লাহ' বলা

(৭) হাত তুলে আযানের দু'আ পাঠ করা এবং শেষে 'লা ইলা-হা ইল্লাল্লাহু মুহাম্মাদার রাসূলুল্লাহ' বলা :

আযান শেষ হওয়ার পর দুই হাত তুলে দু'আ করা ও উক্ত বাক্য বলার যে প্রচলন রয়েছে, শরী'আতে তার কোন ভিত্তি নেই। রাসূল (ছাঃ) কিংবা ছাহাবায়ে কেবাম উক্ত আমল করেছেন মর্মে কোন প্রমাণ পাওয়া যায় না। এই আমল সত্বর পরিত্যাজ্য। উল্লেখ্য যে, আযান ও ইক্বামতের মাঝে দু'আ করলে আল্লাহ সেই দু'আ ফেরত দেন না মর্মে ছহীহ হাদীছ রয়েছে। তাই আযান ও ইক্বামতের মাঝে সাধারণভাবে দু'আ করা যাবে।[1]

### ফুটনোট

[1]. আবুদাউদ হা/৫২১, ১/৭৭ পৃঃ; তিরমিযী হা/২১২; মিশকাত হা/৬৭১, পৃঃ ৬৬; বঙ্গানুবাদ মিশকাত হা/৬২০, ২/২০৪ পৃঃ, 'আযানের ফযীলত' অনুচ্ছেদ।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=1878>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন